

যুগান্তর

তারিখ: 22 JAN 2014  
পৃষ্ঠা: ৭৫ কলাম: ২

জবির ২০১৩-১৪ শিক্ষাবর্ষে ভর্তি  
বিভিন্ন ইউনিটের চয়েস ফরম  
পূরণ শুরু ৩১ জানুয়ারি

স্ববি প্রতিনিধি

ভগ্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০১৩-১৪ শিক্ষাবর্ষের অনার্স (সম্মান), বিবিএ প্রথমবর্ষ প্রথম সেমিস্টারে 'এ', 'বি', 'সি', 'ডি' ইউনিটের প্রাথমিক বাছাইয়ে নির্বাচিত পরীক্ষার্থীদের ভর্তির সাবজেক্ট চয়েস ফরম পূরণ ৩১ জানুয়ারি থেকে শুরু হবে। কোটায় ভর্তি হু ছাত্রছাত্রীদের ১ ফেব্রুয়ারি এবং 'ই' ইউনিটের সাবজেক্ট চয়েস ফরম ২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হবে।

প্রাথমিক বাছাইয়ে নির্বাচিত পরীক্ষার্থীদের মধ্যে ৩১ জানুয়ারি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত 'এ' ইউনিটের বিজ্ঞান শাখার মেধাক্রম ১ থেকে ৬০৫০ পর্যন্ত, অন্যান্য শাখার মেধাক্রম ১ থেকে ২০০ পর্যন্ত, 'বি' ইউনিটের মানবিক শাখার মেধাক্রম ১ থেকে ২২৪০ পর্যন্ত, বিজ্ঞান শাখার মেধাক্রম ১ থেকে ৫৯১ পর্যন্ত, ব্যবসায় শিকা ও অন্যান্য শাখার মেধাক্রম ১ থেকে ২০৬ পর্যন্ত, 'সি' ইউনিটের বাণিজ্য শাখার মেধাক্রম ১ থেকে ১২০০ পর্যন্ত, অন্যান্য শাখার মেধাক্রম ১ থেকে ১০৪ পর্যন্ত এবং 'ডি' ইউনিটের মানবিক শাখার মেধাক্রম ১ থেকে ৯৫০ পর্যন্ত, বিজ্ঞান শাখার মেধাক্রম ১ থেকে ৫৫০ পর্যন্ত এবং ব্যবসায় শিকা ও অন্যান্য শাখার মেধাক্রম ১ থেকে ২২০ পর্যন্ত মেধাক্রমধারীদের সাবজেক্ট চয়েস ফরম পূরণসম্বন্ধে তিন অফিসে অনুষ্ঠিত হবে।

প্রাথমিক বাছাইয়ে নির্বাচিত পরীক্ষার্থীদের মধ্যে ১ ফেব্রুয়ারি শনিবার সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত 'এ', 'বি', 'সি', 'ডি' ইউনিটের কোটায় অবেদনকৃত ছাত্রছাত্রীদের সাবজেক্ট চয়েস ফরম পূরণসম্বন্ধে তিন অফিসে অনুষ্ঠিত হবে। 'ই' ইউনিটের সব বিভাগের (ড্রামা অ্যান্ড নিউজিক, ফাইন আর্টস অ্যান্ড গ্রাফিক) জন্য ছাত্রছাত্রীদের সাবজেক্ট চয়েস ফরম পূরণ ২ ফেব্রুয়ারি রোববার সকাল ১০টা পূরাতন বিজ্ঞানস ঠাভিত্ত ভবনে অনুষ্ঠিত হবে।

বিষয় বরাদ্দ পাওয়া প্রার্থীদের তালিকা ও অন্যান্য নির্দেশনা ২ ফেব্রুয়ারির পরে ভগ্নাথ বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট [www.jnu.ac.bd](http://www.jnu.ac.bd) ও সর্বশেষ তিন অফিসের নোটিশ বোর্ড থেকে জানা যাবে। ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীকে ৬ থেকে ১১ ফেব্রুয়ারির মধ্যে প্রায় বিধয়ে অবশ্যই ভর্তি হতে হবে।